**Bashundhara LP GAS Limited**

সূত্রঃ বিএলপিজিএল/বিইআরসি/রেগুঃ অ্যাফাঃ/২০২১ তারিখঃ ০৫-০৪-২০২১ ইং

বরাবর

চেয়ারম্যান

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা)

১, কারওয়ান বাজার,

ঢাকা-১২১৫।

**বিষয়ঃ এলপিজি আমদানী পূর্বক মজুদকরন, বোতলজাতকরন, বিতরণ ও বিপণন লাইসেন্স ফি / নবায়ন ফি পুণঃনির্ধারন প্রসঙ্গে।**

মহোদয়,

উপরোক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষন করে জানাচ্ছি যে, বিদ্যুৎ ও জ্বালানী খাত বাংলাদেশের অত্যন্ত প্রয়োজনীয় একটি শিল্পখাত। তাই বর্তমান সরকার বিদ্যুৎ ও জ্বালানী শিল্প সমূহকে সর্বোচ্চ অগ্রাধিকার খাতভুক্ত শিল্প হিসাবে অন্তর্ভুক্ত করেছেন। দেশের চাহিদার তুলনায় প্রাকৃতিক গ্যাস সরবরাহ অপর্যাপ্ত হওয়ায় এলপিজি সরবরাহের মাধ্যমে দেশীয় চাহিদা পরিপূরণ করা হয়েছে। বর্তমান সরকার দেশীয় শিল্পের সুষ্ঠ বিকাশ তথা জাতীয় প্রবৃদ্ধির লক্ষ্যে সরকারের ঘোষিত শিল্প নীতি বাস্তবায়নের জন্য বিভিন্ন বলিষ্ঠ পদক্ষেপ হাতে নেওয়াতে দেশের অর্থনীতিতে বড় ধরনের পরিবর্তন এসেছে। সরকারের প্রগতিশীল দৃষ্টিভঙ্গির প্রতি আস্থা জ্ঞাপন করে এবং ঘোষিত নীতিমালার সাথে সঙ্গতি রেখে এদেশের বহু উদ্যোক্তা শিল্পের প্রসার ও বিকাশ সাধনের লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে এসেছেন। এ বিষয়ে বর্তমান সরকার এলপি গ্যাস সাধারন জনগণের দ্বারপ্রান্তে পৌছে দিতে বিভিন্নভাবে সাহায্য সহযোগিতা করে আসছেন।

বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেড ইতিপূর্বে এলপিজি আমদানী পূর্বক মজুদকরন, বোতলজাতকরন, বিতরণ ও বিপণনের লাইসেন্স নবায়ন ফি সর্বোচ্চ ২২,০০,০০০/- (বাইশ লক্ষ) টাকা এবং লাইসেন্স ফি এর উপর ১৫% মূল্য সংযোজন কর পরিশোধ করে আসছে। এলপিজি আমদানী পূর্বক মজুদকরণ, বোতলজাতকরন, বিতরন ও বিপনন বিষয়ে আপনার দপ্তর কর্তৃক বিইআরসি বিধিমালা ২০২১ এ- লাইসেন্স নবায়ন ফি প্রতি মেঃ টঃ ১০ টাকা নির্ধারন করে প্রস্তাবিত খসড়া অনুমোদন করা হয়। এতে করে, বাৎসরিক লাইসেন্স নবায়ন ফি বৃদ্ধি পেয়ে দাঁড়াবে অতিরিক্ত আরো ১০-১৫ লক্ষ টাকা। ফলে প্রতিষ্ঠানটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে এবং সাধারন ভোক্তা পর্যায়ে বর্ধিত ফির প্রভাব পড়বে।

**Bashundhara Industrial Headquarters (BIHQ)-2**
Plot # 56/A, Block # C, Umme Kulsum Road, Bashundhara R/A, Dhaka 1229
Phone: +8802 8432289-93, Fax: +8802 55037257, E-mail: info@bg.com.bd
**Factory**
Mongla Port Industrial Area, Mongla, Bagerhat
Phone: 880 4662-75377, 4662-75134, 4662-75480, Fax: 880 4662-75385, E-Mail:info.blpgl@bg.com.bd

**Registered Office**
Plot # 125/A, Road # 2, Block # A, Bashundhara R/A, Dhaka 1229
**Branch Office**
Bashundhara City, 13/Ka/1, Panthapath, Dhaka 1215
**Dhaka Plant**
Pangaon, Konda, South Keraniganj, Dhaka

আপনি অবগত আছেন যে, ইতিমধ্যে দেশে অনেকগুলো কোম্পানী এলপিজি ব্যবসা পরিচালনা করেছেন। ফলে বাজারে প্রতিযোগিতার সৃষ্টি হয়েছে। বর্তমানে বাজারে প্রতিযোগীতার সৃষ্টি হওয়ায় সীমিত লাভে এলপিজি ব্যবসা পরিচালনা করতে হচ্ছে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর লাইসেন্স ছাড়াও সরকারের বিধিবিধান মোতাবেক বিভিন্ন সংস্থা থেকে বিভিন্ন ধরনের লাইসেন্স / অনুমতিপত্র গ্রহন করতে হয় বিধায় বিভিন্নখাতে ফি প্রদান করতে হয়।

এমতাবস্থায়, এলপি গ্যাস বাজারজাত স্বাভাবিকভাবে পরিচালনার লক্ষ্যে এলপিজি আমদানী পূর্বক মজুদকরন, বোতলজাতকরন, বিতরণ ও বিপণন লাইসেন্সের বাৎসরিক ফি / নবায়ন ফি হ্রাস পূর্বক পূণঃনির্ধারনের বিষয়ে বিবেচনা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে

সাফিয়াত সোবহান
ব্যবস্থাপনা পরিচালক

**BANGLADESH CNG FILLING STATION &**
**CONVERSION WORKSHOP OWNERS ASSOCIATION**
*(Reg.No: C-613(01)/05 Date: 13th July 2005, T.O. License No. 16/2005)*
15/5 Bijoynagar, Akram Tower (11th floor) Dhaka-1000. Phone: 8391046, Fax : 8391336 E-mail: bdcngasstn@gmail.com

| বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন | |
|---|---|
| ডাইরী নং: ২৪৯৮ | তারিখ: ২০/৫/২০২১ |
| সদস্য (প্রশাসন ও অর্থ/আইন) | ১। নথিতে উপস্থাপন করুন |
| সদস্য (গ্যাস) | ২। পরীক্ষান্তে মতামতসহ পেশ করুন |
| সদস্য (বিদ্যুৎ) | ৩। এ সম্পর্কে একটি প্রতিবেদন পেশ করুন |
| সদস্য (পেট্রোলিয়াম) | ৪। Please attend |
| সচিব | |
| একান্ত সচিব | |
| চেয়ারম্যান | |

বিসিএ/১৩/বিইআরসি/২০২১ তারিখঃ ১১-৫-২০২১ইং

বরাবর

চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার
ঢাকা-১২১৫

বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) প্রস্তাবনার উপর মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: দৈনিক পত্রিকায় প্রকাশিত গণবিজ্ঞপ্তি, স্মারক নং- ২৮.০১.০০০০.০১৭.১৭.১১৫.১৮ তারিখ ০৬ এপ্রিল ২০২১ খ্রিঃ।

মহোদয়,

১। আপনার সদয় অবগতির জন্য জনানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রণীত 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা ২০২১ (খসড়া)' আপনাদের ওয়েব সাইট থেকে আমাদের দৃষ্টিগোচর হয়। অত:পর, সূত্রে বর্ণিত গণবিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক বিষয়টির ওপর বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের মতামত নিম্নে আপনাদের বিবেচনার জন্য প্রেরণ করা হলোঃ

(ক) প্রস্তাবিত প্রবিধানমালা, ২০২১ (খসড়া) এর অনুচ্ছেদ-৩, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০০৬ এর প্রবিধান ৩ এর সংশোধন।

লাইসেন্সের জন্য আবেদন:

সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য নতুন লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর উপ-অনুচ্ছেদ-(১) (খ) এ বর্ণিত কমিশন কর্তৃক অনুমোদিত প্রয়োজনীয় দলিলাদির সাথে **'বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন' এর সদস্য সনদ আবশ্যিকভাবে দাখিলের বিষয়টি অন্তর্ভূক্তির জন্য অনুরোধ করা হলো। সংযুক্তি: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-বাম/টিও-২/এ-১৫/২০০৫/১১৫ তারিখ ১৫ মে ২০১৭ এবং বাংলাদেশ গেজেট তারিখ ২২ জুন ২০১৭।**

(খ) প্রস্তাবিত প্রবিধানমালা, ২০২১ (খসড়া) এর অনুচ্ছেদ-৪, **বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০০৬ এর প্রবিধান ৪ এর সংশোধন**।

বিদ্যুৎ উৎপাদক ও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের লাইসেন্স ক্যাটাগরি:

উপরোক্ত অনুচ্ছেদ-৪ এ বর্ণিত **বিদ্যুৎ উৎপাদক ও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের লাইসেন্স ক্যাটাগরি** এর বিষয়ে প্রস্তাবিত প্রবিধানমালা, ২০২১ (খসড়া) এ সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের অনুমতিপত্র নেওয়ার পর লাইসেন্সের জন্য বিইআরসিতে আবেদন করার কথা বলা হয়েছে। কিন্তু বিদ্যুৎ উৎপাদক ও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের লাইসেন্সের ক্ষেত্রে **'বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন' এর মতামত হলো, যে সমস্ত সিএনজি ফিলিং স্টেশনের Compressor সমূহ প্রাকৃতিক গ্যাস চালিত ইঞ্জিন দ্বারা সরাসরি (Direct Coupling এর মাধ্যমে) পরিচালিত হয় সে সমস্ত সিএনজি ফিলিং স্টেশনসমূহকে ক্যাপটিভ পাওয়ার লাইসেন্সের আওতামুক্ত রাখা।**

**BANGLADESH CNG FILLING STATION &**
**CONVERSION WORKSHOP OWNERS ASSOCIATION**
*(Reg.No: C-613(01)/05 Date: 13th July 2005, T.O. License No. 16/2005)*
15/5 Bijoynagar, Akram Tower (11th floor) Dhaka-1000. Phone: 8391046, Fax : 8391336 E-mail: bdcngasstn@gmail.com

226

(গ) প্রস্তাবিত প্রবিধানমালা, ২০২১ (খসড়া) এর অনুচ্ছেদ-১৭, **বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০০৬ এর প্রবিধান ১৬ এর সংশোধন।**

**লাইসেন্সের মেয়াদ ও নবায়ন:**

উপরোক্ত অনুচ্ছেদ-১৭ এর উপ-অনুচ্ছেদ-(১) এ বর্ণিত লাইসেন্সের মেয়াদের বিষয়ে মাননীয় কমিশনের প্রস্তাবে 'বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন' নীতিগতভাবে একমত পোষণ করছে। কিন্তু লাইসেন্স নাবায়নের ক্ষেত্রে **'বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন' এর মতামত হলো 'কমিশন কর্তৃক নির্ধারিত ফি ৫ বছরের জন্য একত্রে অগ্রিম পরিশোধ স্বাপেক্ষে নবায়নের মেয়াদ একসাথে ৫ বছর করা।**

২। অতএব, সারা দেশে অবস্থিত সিএনজি ফিলিং স্টেশন মালিকদের ব্যবসায়িক স্বার্থ এবং শ্রমিক ও কর্মচারীদের কল্যাণের কথা বিবেচনায় নিয়ে একটি যৌক্তিক ও সহনশীল **'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০২১ প্রনয়নের জন্য** বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

Farhan Noor

**ফারহান নূর**
মহাসচিব
মোবাইলঃ ০১৭১১-৮১১৯৮১

**সংযুক্তি:**

১। বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-বাম/টিও-২/এ-১৫/২০০৫/১১৫ তারিখ ১৫ মে ২০১৭।
২। বাংলাদেশ গেজেট তারিখ ২২ জুন ২০১৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
(টি.ও-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

স্মারক নং-বাম/টিও-২/এ-১৫/২০০৫/১১৫

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ ১৪২৪
১৫ মে ২০১৭

## পরিপত্র

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের বিগত ০৯ নভেম্বর ২০১৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ১৩(১) ধারার বিধানমতে সরকারি দপ্তরসমূহ ব্যতিরেকে সংশ্লিষ্ট সকল অনুমোদিত সিএনজি স্টেশন বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের সদস্য পদ আবশ্যিকভাবে গ্রহণ করার বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৫.০৫.১৭
মোঃ আবদুল মান্নান
পরিচালক, বাণিজ্য সংগঠন
ও
অতিরিক্ত সচিব

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০২। সচিব, জ্বালানী ও খানিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সভাপতি, এফবিসিসিআই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা।
০৪। যুগ্ম-সচিব, প্রশাসন-২, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)|
০৫। মাননীয় বাণিজ্য মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। উপনিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)|
০৮। পরিচালক (অতিরিক্ত সচিব), বাণিজ্য সংগঠন মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। সভাপতি, বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন, ১৫/৫ বিজয়নগর, আকরাম টাওয়ার (১১ তম ফ্লোর), ঢাকা-১০০০।

রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৭ সনের ২৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২২, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪০৯—৪২৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৩৯—১০৪৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৭—১৩৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৫৭—৭৭৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ মে ২০১৭

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-৩৩২—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ১০(১)(ঝ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর প্রতিনিধি হিসেবে পরিচালক পদে নিযুক্ত জনাব মোঃ মতিয়ার রহমান অন্যত্র বদলী হওয়ায় তাঁর পরিবর্তে একই প্রতিষ্ঠানের পরিচালক (অর্থ ও কল্যাণ) পদে কর্মরত যুগ্মসচিব জনাব মোঃ শফিকুল ইসলাম-কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রিজওয়ানুল হুদা
উপসচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ মে ২০১৭

নং আর-৬/৪ডি-০৭/২০১৪-১২৮—জনাব মোঃ নূর নেওয়াজ, সাব-রেজিস্ট্রার, নান্দাইল, ময়মনসিংহ সাবেক সাব-রেজিস্ট্রার, কালিহাতী, টাংগাইল এর ২য় (দ্বিতীয়) কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচনা গণ্যে তাঁকে বিভাগীয় মামলা নং ০৭/২০১৪ এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহ্ শেখ মোঃ জহিরুল হক
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

বিচার শাখা-৭

আদেশ

তারিখ: ১৫ মে ২০১৭

নং বিচার-৭/২এন-৭৯/২০০৪-৪০৯—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আব্দুল মতিন, পিতা-আব্দুল কাদের, মাতা-রহিমা বেগম, ৯৫, চরবেউথা, ০৮ নং ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা, ডাকঘর-মানিকগঞ্জ, উপজেলা-সদর, জেলা-মানিকগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার সদর পৌরসভার ৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জি,এম, নাজমুছ শাহাদাৎ
সিনিয়র সহকারী সচিব।

---

বাণিজ্য মন্ত্রণালয়

(টি.ও-২ অধিশাখা)

পরিপত্র

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪২৪/১৫ মে ২০১৭

নং বাম/টিও-২/এ-১৫/২০০৫/১১৫—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের বিগত ০৯ নভেম্বর ২০১৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ১৩(১) ধারার বিধানমতে সরকারি দপ্তরসমূহ ব্যতিরেকে সংশ্লিষ্ট সকল অনুমোদিত সিএনসি স্টেশন বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের সদস্য পদ আবশ্যিকভাবে গ্রহণ করার বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মোঃ আবদুল মান্নান
পরিচালক, বাণিজ্য সংগঠন
ও
অতিরিক্ত সচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উন্নয়ন-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৪/১৬ মে ২০১৭

নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০৩.২০১৩-৪২৪—যেহেতু, জনাব মোঃ সৈয়দুর রহমান, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব) এলজিইডি, নবীগঞ্জ, জেলা হবিগঞ্জ জেলায় কর্মরত থাকাবস্থায় তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর অধীন নবীগঞ্জ উপজেলায় পানিউমদা সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ বাস্তবায়নে যথাযথ দায়িত্ব পালন না করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তাঁর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৪(২) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, জনাব মোঃ সৈয়দুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং তদন্ত কর্মকর্তার প্রতিবেদন ও তৎপ্রেক্ষিতে অভিযুক্তের দ্বিতীয় জবাব পর্যালোচনায় জনাব মোঃ সৈয়দুর রহমান পানিউমদা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনের ফুটিং (Footing) নির্মাণে দায়িত্বে অবহেলা করেছেন। তিনি ড্রইং ও ডিজাইন অনুসরণে রড বাইন্ডিং করা হয়েছে কিনা তা পরীক্ষা করেননি। ঢালাই এর সময়ে উপস্থিত থাকেননি। ফলে ঠিকাদার কম রড ব্যবহার করে ঢালাই সম্পন্ন করেছেন। জনাব মোঃ সৈয়দুর রহমান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

সেহেতু, আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের সকল জবাব ও দলিলপত্র পর্যালোচনা করে অপরাধের প্রকৃতি বিবেচনায় জনাব মোঃ সৈয়দুর রহমান, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব) এলজিইডি, নবীগঞ্জ, জেলা হবিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধিতে বর্ণিত লঘু দণ্ড হিসেবে তাঁর বেতন স্কেলের নিম্নধাপে অবনমিত রাখার দণ্ড ১(এক) বছরের জন্য আরোপ করা হল। ১(এক) বছর পর তিনি বর্তমান স্কেলে (অর্থাৎ দণ্ড প্রদানের পূর্বের স্কেলে) বেতন ও বার্ষিক বর্ধিত বেতনাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব।

LPG AUTO GAS
STATION AND CONVERSION WORKSHOP
OWNERS' ASSOCIATION
BANGLADESH

# LPG Auto Gas Station & Conversion Workshop Owners' Association, Bangladesh

House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01704-179247
Email: bdlpgautogas19@gmail.com | Website: lpgautogasbd.com

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
ডাইরী নং: ২২৮৬
তারিখ: ২৭শে মে, ২০২১
সদস্য (প্রশাসন ও অর্থ/আইন)
সদস্য (গ্যাস)
সদস্য (বিদ্যুৎ)
সদস্য (পেট্রোলিয়াম)
সচিব
একান্ত সচিব
চেয়ারম্যান
১। নথিতে উপস্থাপন করুন
২। পরীক্ষান্তে মতামতসহ পেশ করুন
৩। এ সম্পর্কে একটি প্রতিবেদন পেশ করুন
৪। Please attend

সূত্র: বিইআরসি/লাইসেন্স/মতামত/০২/২০২১

বরাবর
চেয়ারম্যান,
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) প্রস্তাবনার উপর মতামত প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রনীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) সম্পর্কে প্রবিধানমালাটি আপনাদের প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে আমাদের দৃষ্টিগোচর হয়। উক্ত প্রবিধানমালা বিশ্লেষন করে আমরা বেশ কিছু বিষয়ে আমাদের মতামত প্রদান করা জরুরী মনে করছি।

সারাদেশে প্রায় ২৫০টিরও অধিক এলপিজি অটোগ্যাস ষ্টেশন স্থাপিত হয়েছে এবং আরো ২০০টি নির্মানাধীন আছে। বিকল্প জ্বালানি হিসাবে সিএনজি এর পাশাপাশি এলপিজি ব্যবহার শুরু হওয়ায় প্রাকৃতিক গ্যাসের উপর চাপ কমতে শুরু হয়েছে। অপরদিকে যেখানে সিএনজি গ্যাসের সুবিধা নেই সেই সমস্ত এলাকায় এলপিজি স্টেশন চালু হওয়ায় জ্বালানী সাশ্রয়ী হিসাবে এলপিজির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

যানবাহনে অকটেন, পেট্রোল ও ডিজেলের পরিবর্তে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) একটি পরিবেশবান্ধব বিকল্প জ্বালানি হিসাবে বিশ্বব্যাপী জনপ্রিয়তা লাভ করেছে। যানবাহনে অটোগ্যাস ব্যবহারের ব্যয় অকটেন/পেট্রোলের তুলনায় অর্ধেক। অন্যদিকে দেশে প্রাকৃতিক গ্যাসের মজুদ কমে যাওয়ায় সারাদেশে গ্যাসের সংকট দেখা দিয়েছে। উক্ত বিষয়গুলো বিবেচনা করে সরকার ইতিমধ্যে যানবাহনে পেট্রোল, অকটেন ও সিএনজি ব্যবহারের পরিবর্তে এলপিজি ব্যবহারে উৎসাহিত করেছেন।

যেহেতু এলপিজি সেক্টরের উন্নয়নের বিষয়টি সরকার অতীব গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করছে সেহেতু আগামী ৫ (পাঁচ) বৎসর এই সেক্টরের ভবিষ্যৎ উন্নয়নের স্বার্থে লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) কিছুটা সহজীকরন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রনীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) এর তফসিল-খ এর ২.৪ ধারা অনুযায়ী অটোগ্যাস মজুদকরণ ও বিতরণ লাইসেন্স ফি ৪০(চল্লিশ) হাজার টাকার পরিবর্তে ১৫(পনের) হাজার টাকা (তিন বৎসর মেয়াদ পর্যন্ত) এবং বার্ষিক নবায়ন ফি ২০(বিশ) হাজার টাকার পরিবর্তে ৫(পাঁচ) হাজার টাকা নির্ধারণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

নিবেদক

মোঃ হাসিন পারভেজ
মহাসচিব

LPG AUTOGAS STATION AND CONVERSION WORKSHOP OWNERS ASSOCIATION ★ BANGLADESH

মোহাম্মদ সিরাজুল মাওলা
সভাপতি

জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

জরুরি
সীমিত

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
www.kgdcl.gov.bd

স্মারক নম্বর: ২৮.১৫.০০০০.১০৪.৯৯.০০৪.২০.১

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮
১৩ জুন ২০২১

বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) প্রসঙ্গে।
সূত্র: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর স্মারক নং-২৮.০১.০০০০.০১৭.১৭.১১৫.১৮, তারিখ: ০৬/০৪/২০২১

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) পর্যালোচনা করার নিমিত্ত কোম্পানি কর্তৃক একটি কমিটি গঠন করা হয়। কমিটি খসড়া প্রবিধানমালাটি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করে। কমিটির পর্যালোচনা অনুসারে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) এর বিষয়ে কোম্পানির কোন আপত্তি/পরামর্শ নেই।

১৩-৬-২০২১
মোহাম্মদ নূরুল আবচার সিকদার
মহাব্যবস্থাপক/কোম্পানী সচিব

সচিব
সচিব-এর দপ্তর
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

স্মারক নম্বর: ২৮.১৫.০০০০.১০৪.৯৯.০০৪.২০.১/১

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮
১৩ জুন ২০২১

অনুলিপি :
১) উপব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৩-৬-২০২১
মোহাম্মদ নূরুল আবচার সিকদার
মহাব্যবস্থাপক/কোম্পানী সচিব